



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

নং-৪৬.১০.০০০০.০০৫.৯৯.০৬৩.২১- ২৬২

তারিখ: ২৬ আষাঢ় ১৪২৮  
০৭ জুলাই ২০২১

অফিস আদেশ

ইনডিপেন্ডেন্ট টেলিভিশন চ্যানেলে বিগত ০৪ জুলাই ২০২১ তারিখের দুপুর ০২.০০ ঘটিকার সংবাদে “কাজ না করে বেতন, নেপথ্যে নেতারা” শিরোনামে ডিএনসিসির’র ১০ নং ওয়ার্ডের পরিচ্ছন্ন কর্মীদের প্রতিবেদন প্রচারিত হয়েছে। প্রায় ১ হাজার পরিচ্ছন্নতা কর্মী কাজ না করেই বেতন নেন যাতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বাৎসরিক ১৮ কোটি টাকা ক্ষতি হচ্ছে মর্মে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। কাজ না করেই যারা বেতন পান তাদের বেতনের একটি বড় অংশ কর্পোরেশনের পরিচ্ছন্ন পরিদর্শক এবং স্ক্যাভেঞ্জার্স ইউনিয়নের নেতাদের পকেটে যায় মর্মে প্রতিবেদিত হয়েছে। প্রকাশিত সংবাদের বিষয়টি তদন্তপূর্বক মতামত প্রদানের জন্য নিম্নরূপ তদন্ত টিম গঠন করা হলোঃ

উপ-প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ডিএনসিসি	আহ্বায়ক
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর/যান্ত্রিক), বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, ডিএনসিসি	সদস্য
আইন কর্মকর্তা, ডিএনসিসি	সদস্য

- ২। গঠিত কমিটি আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিষয়টি তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করবে।
- ৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০৩/৭/২০২১

মোহাম্মদ মাসুদ আলম হিদ্দিক  
সচিব

ফোন-৮৮৩৪৯৩০

secretary@dncc.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। বিভাগীয় প্রধান....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। উপ-প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর/যান্ত্রিক), বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫। আইন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৮। অফিস কপি।